# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১৪৯. গুরুত্বপূর্ণ কাজে চাপ বেশি

গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত লোকের ঘাড়ে ভীষণ কাজের চাপ পড়ে। তাদের গুরুদায়িত্বের কারণে তাদের স্বাস্থ্য ও সুখ দূর হয়ে যায়। প্রচুর শ্রমসাধ্য ও চাহিদা পূর্ণ কাজে যে চাপ পড়ে তাতে ক্ষতিগ্রস্ত হয় না এমন লোকের সংখ্যা খুবই কম।

কথিত আছেঃ “নেতা বা শাসক হতে চেয়ো না।”

“(আমাকে রক্ষা করার মতো) আমার ক্ষমতা নষ্ট হয়ে গেছে।” (৬৯-সূরা আল হাক্কাহ: আয়াত-২৯)

মনে করুন গোটা পৃথিবীটাই আপনার। অবশেষে এসব কিছু কোথায় যাবে? নিঃসন্দেহে এসব কিছু ধ্বংস হয়ে যাবে।

“এবং একমাত্র তোমার মহাপ্রতাপশালী ও মহিমান্বিত প্রভুর সত্তাই চিরকাল অবশিষ্ট থাকবে।” (৫৫-সূরা আর রাহমানঃ আয়াত-২৭)

একজন বিজ্ঞলোক তার ছেলেকে সাবধান করে বলেছেন, “নেতা হতে চেয়ো না, কেননা নেতারা সর্বদা কষ্ট পায়।”

অন্য কথায় বলা যায়, সর্বদা নেতা হওয়ার বা প্রধান হওয়ার আশা করিও না। নেতাদের ভাগ্যে থাকে তিক্ত সমালোচনা, গালি এবং কঠিন সমস্যা।

একজন আরব কবি বলেছেন-

إنَّ نصفَ الناسِ أعداءٌ لمنْ * ولـيَ الأحكامَ هذا إن عَدَلْ

“অর্ধেক মানুষ শাসকের শত্রু, এটা তখন যখন নাকি সে ন্যায়পরায়ণ (আর অত্যাচারী হলে তো কথাই নেই, তখন সকলেই শত্রু)।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7658

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন